



বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল
সভার তারিখ	২৩.১১.২০২০
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	অনলাইন জুম মিটিং
উপস্থিতি	নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ

২৩.১১.২০২০ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) সভা অনলাইন জুম মিটিং (Meeting ID 5543790282) এ কমিটির সভাপতি, জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক(টেকনিক্যাল সার্ভিসেস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

### ১.০ আলোচনা

১.১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২০)-এর লক্ষ্যমাত্রা কমিটির সদস্য-সচিব সভায় উত্থাপন করেন এবং সভাকে অবহিত করেন যে, আগামী ৩১ ডিসেম্বর, ২০২০ এর মধ্যে ৪০ জন কর্মকর্তা ও কর্মচারীর অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। তিনি সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, বর্ণিত প্রশিক্ষণটির জন্য একটি সুবিধাজনক তারিখ ও সময় নির্ধারণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, আগামী ০৭.১২.২০২০ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় প্রশিক্ষণটি আয়োজন করা যেতে পারে। কমিটির সদস্য-সচিব সভায় প্রস্তাব করেন যে, বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর ব্যবস্থাপনা উপদেষ্টা, জনাব মোহাম্মদ সাঈদুর রহমান-কে উক্ত প্রশিক্ষণ কোর্সে রিসোর্স পার্সন হিসেবে মনোনয়ন প্রদান করা যেতে পারে। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে জনাব সাঈদুর রহমান-কে কর্মকর্তা ও কর্মচারীর অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ কোর্সে রিসোর্স পার্সন হিসেবে মনোনয়ন প্রদানের জন্য সভায় একমত পোষণ করা হয়।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী 'শাখা/অধিশাখা/অধীনস্থ অফিস পরিদর্শন' এর বিষয়টি অন্তর্ভুক্ত আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সভায় নৈতিকতা কমিটির সভাপতি ও মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) জনাব মোঃ আমীর ফয়সাল মহোদয় কর্তৃক তাঁর অধীনস্থ একটি বিভাগ নিকটবর্তী সময়ে পরিদর্শন করতে পারেন মর্মে অভিমত ব্যক্ত করা ১.৩। কমিটির সদস্য-সচিব সভাকে আরও অবহিত করেন যে, 'কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে নৈতিকতা বিষয়ে উদ্ভুদ্ধকরণের লক্ষ্যে উদ্ভুদ্ধকরণ সভার আয়োজন' বিষয়টি ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রার মধ্যে অন্তর্ভুক্ত আছে। নৈতিকতা বিষয়ে উদ্ভুদ্ধকরণ সভার বিষয়টি সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে কমিটির সভাপতি নির্দেশনা প্রদান করেন যে, নৈতিকতা কমিটির সদস্য ও উপ-মহাব্যবস্থাপক (তিতাস ফিল্ড-দক্ষিণ), জনাব মোঃ জাকির হোসেন তরফদার ও উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল), জনাব মোঃ আমান উল্লাহ বাহার-কে উক্ত উদ্ভুদ্ধকরণ সভার রিসোর্স পার্সন এর দায়িত্ব প্রদান করে ৩১ ডিসেম্বর, ২০২০ পূর্বেই সভার আয়োজন করতে হবে।

কমিটির সদস্য-সচিব আরও উল্লেখ করেন যে, ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২০)-এর অন্যান্য লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে এবং কিছু কিছু লক্ষ্যমাত্রা বাস্তবায়নধীন রয়েছে।

### ২.০ সিদ্ধান্ত:

২.১। বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর ব্যবস্থাপনা উপদেষ্টা, জনাব মোহাম্মদ সাঈদুর রহমান-কে কর্মকর্তা ও কর্মচারীর অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ কোর্সের রিসোর্স পার্সন হিসেবে মনোনয়ন প্রদান করে ০৭.১২.২০২০ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় প্রশিক্ষণটি আয়োজন করতে হবে।

২.২। নৈতিকতা কমিটির সভাপতি ও মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) জনাব মোঃ আমীর ফয়সাল কর্তৃক অধীনস্থ একটি বিভাগ পরিদর্শন করা।

২.৩। নৈতিকতা কমিটির সদস্য ও উপ-মহাব্যবস্থাপক (তিতাস ফিল্ড-দক্ষিণ), জনাব মোঃ জাকির হোসেন তরফদার ও উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল), জনাব মোঃ আমান উল্লাহ বাহার-কে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে নৈতিকতা বিষয়ে উদ্ভুদ্ধকরণের লক্ষ্যে উদ্ভুদ্ধকরণ সভার রিসোর্স পার্সন এর দায়িত্ব প্রদান করে ৩১ ডিসেম্বর, ২০২০ পূর্বেই সভার আয়োজন করা।

কমিটির সভাপতি উল্লেখ করেন যে, সত্যিকারের নৈতিকতায় শানিত হয়ে আমরা যেন নৈতিকতা কমিটির কার্যক্রম পরিচালনা করতে পারি।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা  
কমিটি, বিজিএফসিএল

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক (সংস্থাপন), সংস্থাপন বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
- ৩) ব্যবস্থাপক (আইডব্লিউটি), বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা  
কমিটি, বিজিএফসিএল